

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ব-৫৯/রে-২৯৯৫

তারিখ : ০৪ নভেম্বর ২০২৪

আবশ্যিক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

শিক্ষক পদ

১। পুরকৌশল বিভাগ

ক) অধ্যাপক-এর ১টি স্থায়ী পদ। বেতন স্কেল চ: ৫৬৫০০-৭৪৪০০/-।

খ) সহকারী অধ্যাপক-এর ২টি স্থায়ী পদ। বেতন স্কেল চ: ৩৫৫০০-৬৭০১০/-।

২। ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ

অধ্যাপক-এর ১টি স্থায়ী পদ। বেতন স্কেল চ: ৫৬৫০০-৭৪৪০০/-।

৩। রসায়ন বিভাগ

ক) সহকারী অধ্যাপক-এর ১টি স্থায়ী পদ। বেতন স্কেল চ: ৩৫৫০০-৬৭০১০/-।

খ) লেকচারার-এর ১টি অস্থায়ী পদ। বেতন স্কেল চ: ২২০০০-৫৩০৬০/-।


৪। তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ

লেকচারার-এর ১টি অস্থায়ী পদ। বেতন স্কেল চ: ২২০০০-৫৩০৬০/-।

উল্লিখিত পদসমূহের আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ২৭/১১/২০২৪

সকল পদের জন্য প্রযোজ্য :- এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত (REG-1) ফরমে সকল অতীত ও বর্তমান চাকরির পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখপূর্বক ১৭ সেট আবেদনপত্র রেজিস্ট্রার-এর বরাবর জমা দিতে হবে। তন্মধ্যে ১ সেটের সাথে ৩ কপি সত্যায়িত ছবি এবং কম্পিউটার BUET-এর অনুকূলে উক্ত পদসমূহে আবেদনের জন্য চ: ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা কম্পিউটার অফিস কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ টাকা জমা প্রদানপূর্বক, টাকার রশিদ সংযুক্ত করত: প্রত্যেক সেটের সাথে আবেদনপত্র/Forwarding Letter-সহ সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়াল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতার সনদ এবং NID-এর সত্যায়িত কপি (সকল কাগজপত্র বাঁধাইকৃত সেট) সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থীর শিক্ষাজীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নয়।

বিদেশী ডিগ্রিধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদনপত্র প্রসেস করা হবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম (REG-1) এবং শিক্ষক পদের RQ এই বিশ্ববিদ্যালয়ের Website (regoffice.buet.ac.bd)-এর download page হতে সংগ্রহ করা যাবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেয়া হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।


04/11/2024

(অধ্যাপক ড. মোঃ ফারুক উদ্দিন)
রেজিস্ট্রার (অ. দা.)

নং সংস্থা/ব-৫৯/রে-২৯৯৫

তারিখ : ০৪ নভেম্বর ২০২৪

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) :

১। ডিন, সকল অনুষদ, বা.প্র.বি., ঢাকা।

২। সকল বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান/হল প্রভোস্ট, বা.প্র.বি., ঢাকা।

৩। পরিচালক, বুয়েট-আই.সি.টি সেল, বা.প্র.বি., ঢাকা।-(বিজ্ঞপ্তিটি Website-এ দেয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৪। সিনিয়র প্রোগ্রামার, রেজিস্ট্রার অফিস, বা.প্র.বি., ঢাকা।-(বিজ্ঞপ্তিটি Website-এ দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য)।